# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ...[illegible]/১২০৫... তারিখ ঃ ...২৬/০৮/২০২০

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ ঃ** উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন বাংলাদেশ পুলিশ একাডেমী স্কুল এন্ড কলেজ নামে নতুন স্কুল স্থাপন-এর অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩১.১৬.৩৩৯ তারিখ ঃ ০৫/১১/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন বাংলাদেশ পুলিশ একাডেমী স্কুল এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন করা হয়। এমতাবস্থায়, নির্ধারিত ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্য আপনার সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২৬.৮.২০২০

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের জন্য
## পরিদর্শন ছক

স্কুলের নাম (প্রস্তাবিত) : বাংলাদেশ পুলিশ একাডেমী স্কুল এন্ড কলেজ

স্কুলের ঠিকানা : ডাকঘর : সারদা, উপজেলা : চারঘাট, জেলা : রাজশাহী

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : মোঃ মুঞ্জুর রহমান খান
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

পরিদর্শনের তারিখ : ০৮/০৮/২০২০ খ্রিঃ

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th>নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ</th><th>বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা</th><th>শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত</th></tr>
<tr><td>১.</td><td>প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল)</td><td></td><td>পৌর এলাকায় অবস্থিত</td><td>শর্ত পূরণ হয়েছে</td></tr>
<tr><td>২.</td><td>বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব</td><td></td><td><table>
<tr><th>দিক</th><th>বিদ্যালয়ের নাম</th><th>প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব</th></tr>
<tr><td>উত্তর</td><td>সাদিপুর উচ্চ বিদ্যালয়, চারঘাট, রাজশাহী</td><td>২.০০ কি: মি:</td></tr>
<tr><td>দক্ষিন</td><td>চারঘাট পাইলট উচ্চ বিদ্যালয়, চারঘাট, রাজশাহী</td><td>৪.০০ কি: মি:</td></tr>
<tr><td>পূর্ব</td><td>সরদহ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, চারঘাট, রাজশাহী</td><td>২.০০ কি: মি:</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>মোক্তারপুর উচ্চ বিদ্যালয়, চারঘাট, রাজশাহী</td><td>৩.০০ কি: মি:</td></tr>
</table></td><td>শর্ত পূরণ হয়েছে (পৌর এলাকা)</td></tr>
<tr><td>৩.</td><td>প্রস্তাবিত থানা/উপজেলার মোট জনসংখ্যা</td><td></td><td>২০১১ সালের আদমশুমারী ও গৃহগণনা রিপোর্ট মতে ২,০৬,৭৮৮ জন।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসারের তথ্য মোতাবেক</td></tr>
<tr><td>৪.</td><td>প্রস্তাবিত থানা/উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা</td><td></td><td>৫৮ টি<br>মাধ্যমিক বিদ্যালয় - ৫৫ টি<br>নিম্ন মাধ্যমিক - ০৩ টি</td><td>শর্ত পূরণ হয়েছে</td></tr>
</table>

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | মাধ্যমিক বিদ্যালয়- ৫৫ টি। | শর্ত পূরণ হয়েছে |
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | | প্রাপ্যতা আছে। | শর্ত পূরণ হয়েছে |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ০.৭০ একর। | বিদ্যালয়টি নিজ নামে কোন জমি খারিজ নাই। বাংলাদেশ পুলিশ একাডেমী কর্তৃক প্রদত্ত। |
| ৮. | জমি প্রাপ্তির উৎস: | | বাংলাদেশ পুলিশ একাডেমী কর্তৃক প্রদত্ত জমি। | শর্ত পূরণ হয়েছে |
| ৯. | উদ্যোক্তা/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান | | বাংলাদেশ পুলিশ একাডেমীর মাননীয় প্রিন্সিপাল মহোদয় ও একাডেমীর ষ্টাফ বৃন্দ। | শর্ত পূরণ হয়েছে |
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | বাংলাদেশ পুলিশ একাডেমীতে কর্মরত সকল পুলিশ/সিভিল সদস্য ও স্থানীয় জনগণের ছেলে-মেয়েদের মানসম্মত শিক্ষার লক্ষ্যে বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা রয়েছে। | শর্ত পূরণ হয়েছে |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | বাংলাদেশ পুলিশ একাডেমীর সকল কর্মরত সদস্যদের আর্থিক সহায়তা ও বিশিষ্ট ব্যক্তিদের অনুদান এবং ছাত্র-ছাত্রীদের প্রদত্ত বেতন। | শর্ত পূরণ হয়েছে |

১২. পরিদর্শন কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩১.১৬.৩৩৯ তারিখ ঃ ০৫/১১/২০১৯ খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন বাংলাদেশ পুলিশ একাডেমী স্কুল এন্ড কলেজ নামে নতুন একটি স্কুল স্থাপনের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন পূর্বক পরিদর্শন মন্তব্য নিম্নে উপস্থাপন করা হ'ল।

আলোচ্য প্রতিষ্ঠানটি রাজশাহী জেলার চারঘাট উপজেলায় সুন্দর ও মনোরম পরিবেশে অবস্থিত। প্রতিষ্ঠানটি উপজেলা সদর হতে প্রায় ০৪ কিঃ মিঃ দূরে পাকা রোডের পার্শ্বে অবস্থিত। পৌর এলাকায় অবস্থিত এই প্রতিষ্ঠানটির যোগাযোগ ব্যবস্থা, ভৌগলিক অবস্থান ও ভৌত অবকাঠামো ভাল। পরিদর্শনকালে একাডেমীর উর্দ্ধতন কর্মকর্তা/কর্মচারী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। ২.০০ কিলোমিটারের মধ্যে কোন বিদ্যালয় না থাকায় বিদ্যালয়টি স্থাপিত হলে অত্র অঞ্চলে শিক্ষার প্রসারে অবদান রাখার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, বাংলাদেশ পুলিশ একাডেমী স্কুল এন্ড কলেজ নামে নতুন স্কুল স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২০/৮/২০২০

(মোঃ মুঞ্জুর রহমান খান)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।